

এসকে সোহেল | খুলনা | 02 May, 2025

বাগেরহাট শহরের সকল সড়ক বৃষ্টির আগে দ্রুত সংস্কার ও পৌরসভার সহকারী প্রকৌশলী টিএম রেজাউল হক রিজভীর অপসারণের দাবীতে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করেছে স্থানীয়রা। শুক্রবার (০২ এপ্রিল) বিকেলে শহরের দশানী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর সামনে এসব কর্মসূচি পালিত হয়। এতে পৌরসভার বিভিন্ন এলাকার শতশত মানুষ অংশ নেয়।

এসময় বক্তব্য দেন, বিএনপি নেতা খান মনিরুল ইসলাম, জেলা কৃষকদলের আহ্বায়ক আসাফুদৌলা জুয়েল, জেলা ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আতিকুর রহমান, জেলা যুবদলের সাবেক সহ সভাপতি মাসুদজ্জামান মাসুদ, এস কে বদরুল আলম, রায়হান জোয়ার্দার, শাহেদ সোমি বাদশাহ, মাসুম বিল্লাহ, সুমন পাইক প্রমুখ।

বক্তারা বলেন, বিগত সরকার সময় বাগেরহাটের কোন রাস্তাঘাটের উন্নয়ন হয়নি। রাস্তার সংস্কার নামে হরিলুট চলেছে। পৌরসভার সাবেক মেয়র খান হাবিবুর রহমান ও অসাধু সহকারী প্রকৌশলী টিএম রেজাউল হক রিজভী লক্ষ লক্ষ টাকা লুটপাট করেছে। দুর্নীতির দায়ে মেয়র পলাতক থাকলেও প্রকৌশলী রিজভী এখনো পৌরসভায় বহাল তব্বিতে অপকর্ম চালিয়ে যাচ্ছে। মানববন্ধন থেকে অবিলম্বে পৌরসভার দায়িত্ব থেকে রিজভীর অপসারণ দাবি করা হয়।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:05

URL: <https://timestodaybd.com/public/khulna/1785757150>